



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
লাইসেন্সিং শাখা



নম্বর ১৪.৩২.০০০০.৭০২.৪৫.৬৭১.১৯.১০০৬

তারিখ: ৫ আশ্বিন ১৪২৮
২০ সেপ্টেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ইন্টারন্যাশনাল ইন্টারনেট ব্যান্ডউইথ বিক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ব্যান্ডউইথ বিক্রয়ের জন্য বিটিআরসি থেকে লাইসেন্সপ্রাপ্ত অপারেটরসমূহ টেলিযোগাযোগ লাইসেন্সবিহীন বা অননুমোদিত কোন লাইসেন্সধারীকে ব্যান্ডউইথ বিক্রয় করতে পারবে না। এক্ষেত্রে উল্লেখ্য যে, গত ০৭/০৩/২০২১ তারিখে বিটিআরসি'র ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ থেকে জারীকৃত নির্দেশনা অনুযায়ী IIG লাইসেন্সধারীর পাশাপাশি Nationwide ISP, Zonal/Divisional ISP অপারেটরসমূহ Category A, B, C/ Thana/ Upazilla ISP লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে কেবলমাত্র আগামী ১৪/১২/২০২১ তারিখ পর্যন্ত ব্যান্ডউইথ বিক্রয় করতে পারবে। পরবর্তীতে, আগামী ১৫/১২/২০২১ তারিখ থেকে ISP সহ সকল লাইসেন্সধারী অপারেটরসমূহকে বাধ্যতামূলকভাবে শুধুমাত্র IIG হতে ব্যান্ডউইথ ক্রয় করতে হবে।

এ নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে লাইসেন্স বাতিলসহ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০-৯-২০২১

মোঃ নূরনবী

পরিচালক

বিতরণঃ

- ১) সকল International Internet Gateway (IIG) লাইসেন্সধারী প্রতিষ্ঠান
- ২) সকল Nationwide ISP লাইসেন্সধারী প্রতিষ্ঠান
- ৩) সকল Zonal/Divisional ISP লাইসেন্সধারী প্রতিষ্ঠান